

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা -২ অধিশাখা
www.hsd.gov.bd




স্মারক নং-৪৫.০০.০০০০.১৬১.৯৯.০০১.১৯-৯০

তারিখঃ ২৫-০৩-২০২০খ্রিঃ

বিষয়ঃ সাধারণ রোগীর চিকিৎসা প্রদান অব্যাহত রাখা।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দেশব্যাপি করোনাভাইরাসের প্রাদুর্ভাব এর কারণে সরকারি/বেসরকারি হাসপাতালসমূহে সাধারণ রোগীদের প্রাথমিক চিকিৎসা, ইমারজেন্সী চিকিৎসা এবং নতুন রোগীকে হাসপাতালে ভর্তি করা হচ্ছে না। এমনকি ভর্তিকৃত রোগীদের রিলিজ প্রদান করা হচ্ছে। এতে জনগণ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছেন এবং ব্যাপকভাবে স্বাস্থ্য ঝুঁকি তৈরি হচ্ছে, যা কোনভাবেই কাম্য হতে পারে না।

এমতাবস্থায়, হাসপাতালে আগত সাধারণ রোগীদের প্রাথমিক চিকিৎসা, ইমারজেন্সী চিকিৎসা এবং নতুন রোগীকে হাসপাতালে ভর্তি করাসহ ভর্তিকৃত রোগীদের চিকিৎসা সেবা প্রদানে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো


২৫.৩.২০২০
(রোকেয়া খাতুন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৬৫২০
ghm2@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

(দৃঃ আঃ- পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), মহাখালী, ঢাকা।)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করতঃ সংশ্লিষ্ট সকলকে ই-মেইল মাধ্যমে প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (সকল), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।